বইঘর.কম

CHAPTER

# 27 Dangling & Misplaced Modifiers

Dangle শব্দটির অর্থ উন্মুক্তভাবে ঝুলে থাকা। আর Dangling শব্দটির অর্থ ঝুলন্ত। Modifier শব্দটির অর্থ 'যে বিশেষিত করে'। ইংরেজি গ্রামারের পরিভাষায় কোনো modifier (শব্দ, শব্দগুচ্ছ বা বাক্যাংশ) যদি তার কাঙ্ক্ষিত শব্দটিকে (প্রধানত Noun/Pronoun) বিশেষিত না করে অন্য শব্দকে বিশেষিত করে তখন তাকে Dangling modifier বলে। অন্যদিকে কোনো Modifier যদি যথাস্থানে না বসে অন্যত্র অবস্থান করে তবে তাকে Misplaced modifier বলে। এই উভয় Modifier-কে Illogical modifier বা অযৌক্তিক বিশেষণকারী হিসেবেও অভিহিত করা হয়।

**27.1 বাক্যে ব্যবহৃত কোনো modifier যদি সঠিক Noun বা Pronoun-কে Modify না করে তাহলে বাক্যের অর্থের পরিবর্তন বা বিকৃতি ঘটে। নিচের example টি লক্ষ্য করুন :**

▶ **Which of the following sentence is correct?** ঢাকা বিশ্ববিদ্যালয় ক ইউনিট ১৯৯৬-৯৭

ⓚ Hearing the good news, I was happy. √
ⓚ Hearing the good news, happiness was mine.
ⓖ Hearing the good news, happy I was.
ⓖ Hearing the good news, mine was happiness.

**Hints :** *এখানে Hearing the good news শব্দগুচ্ছটি একটি Participle phrase, যার অর্থ 'সুসংবাদটি শুনে'। এই modifier-টি যে কাঙ্ক্ষিত শব্দকে Modify করার কথা তা হলো I। কারণ, hearing কাজটি ব্যক্তি (I) দ্বারা সম্পন্ন হয়েছে।*

**27.2 Dangling Modifier সাধারণত নির্দিষ্ট কিছু grammatical structure বা Phrase বা Clause-এর মাধ্যমে হয়ে থাকে। সেগুলো হলো :**

**27.2.1 Present Participle বা Participle Phrase : উপরিউক্ত উদাহরণটি Present participle-এর উদাহরণ। নিচের Example-টি লক্ষ্য করুন :**

**Dangling : Entering the room, the light was off.**

বাক্যটির Subject দেখে মনে হয় ঘরে ঢোকার কাজটি করেছে the light, যা বাস্তবে অসম্ভব। সুতরাং সঠিক বাক্যটি হবে—

Entering the room, I found the light off.

**27.2.2 Past Participle বা Past Participle Phrase : কখনো কখনো Past Participle Phrase দিয়ে Dangling modifier-এর মতো অনাকাঙ্ক্ষিত পরিস্থিতির উদ্ভব হতে পারে।**

▶ **Worn out by a long walk, she fainted. Here 'worn out' is a—** ইসলামী বিশ্ববিদ্যালয় বি ইউনিট ২০১৪-১৫

ⓚ dangling participle√ ⓚ present participle
ⓖ adjective complement ⓖ adverb

www.boighar.com

**27.2.3 Perfect Participle তথা Having + $v_3$ :**

▶ **Choose the correct sentence .** জাতীয় বিশ্ববিদ্যালয় মানবিক, ২০১০-১১

ⓚ Having arrived late for practice, a written excuse was needed.
ⓚh Having arrived late for practice, the team captain needed a written excuse. √
ⓖ Having arrived late for practice, need the excuse the captain.
ⓖh Having arrived later for practice, an application was needed.

**Hints :** *অনুশীলনে দেরিতে এসেছে কে? অবশ্যই দলনেতা (team captain) যা option (খ) তে আছে। সুতরাং এটিই সঠিক উত্তর। বাকি উত্তরগুলোর Subject তথা a written excuse ও an application কখনোই এই বাক্যের Subject হওয়ার যোগ্যতা রাখে না।*

**27.2.4 Perfect Participle Passive তথা Having been + $v_3$ :**

▶ **Having been served lunch—. The sentence is incomplete. Choose one which best completes the sentence.** থানা/উপজেলা প্রকৌশলী ১৯৯৯

ⓚ the problem was discussed by the members of the committee.
ⓚh the committee members discussed the problem.√
ⓖ it was discussed the committee members the problem.
ⓖh a discussion of the problem was made by the members of the committee.

**Hints :** *'খাবার পরিবেশেন করা হয়েছে কাদেরকে?'— অবশ্যই কমিটি মেম্বারদেরকে। (ক), (গ), (ঘ), উত্তরগুলোতে কমিটি মেম্বারগণ subject হিসেবে অনুপস্থিত। তাই সঠিক উত্তর (খ) হবে।*

**27.2.5 Adjective Phrase : কোনো কোনো সময় Adjective Phrase দ্বারা Dangling modifier তৈরি হতে পারে।**

▶ **No confusion of the grammatical subject occurs in.** ঢাকা বিশ্ববিদ্যালয় বি ইউনিট ২০১১-১২

ⓚ Young and inexperienced, the task seemed easy to me.
ⓚh Young and inexperienced, it seemed to be an easy task.
ⓖ Young and inexperienced, I thought the task easy. √
ⓖh Young and inexperienced, it was an easy task for me.

**Hints :** *বাক্যটির অর্থ– 'তরুণ ও অনভিজ্ঞ হওয়ায়, আমি কাজটিকে সহজ মনে করেছিলাম'। এখানে প্রশ্ন হলো- তরুণ ও অনভিজ্ঞ কে? কাজ না মানুষ? অবশ্যই মানুষ বা ব্যক্তি, কাজ নয়।*

**27.2.6 Reduced Adverbial Clause :**

**Dangling :** While walking in the garden, her leg was broken.
**Correct :** While she was walking in the garden, she broke her leg.

**27.2.7 Preposition + V-ing Combination :** যেমন—

▶ **Choose the correct sentence.** রাজশাহী বিশ্ববিদ্যালয় 'ই' ইউনিট ২০১১-১২

ⓚ After jumping of a boat, the shark bit the man.
ⓚh After jumping of a boat, the shark bite the man.
ⓖ After jumping of a boat, the man was bitten by a shark. √
ⓖh After jumping of a boat, the man bite the shark.

**Hints :** *নৌকা থেকে লাফ দেয়াটা কার কাজ– মানুষ না হাঙরের? অবশ্যই মানুষের। প্রথম দুটি উত্তরের Subject হলো Shark বা হাঙর, তাই হাঙরকে কামড় দিয়েছে, যা অসম্ভব। সুতরাং সঠিক উত্তর (গ)।*

বইঘর.কম

**27.2.8 Expressions with Like, or Unlike :**

▶ **Unlike most birds**

ⓚ the heads and necks of vultures lack feathers. আইবিএ বিবিএ ২০০২-০৩

ⓚ feathers are no found on the heads and necks of vultures.

ⓖ vultures do not have feathers on their heads and necks.√

ⓖ there are no feathers on vultures' heads and necks.

ⓢ there is lack of feathers on vultures' heads and necks.

**Hints :** *Unlike-এর সাথে যেহেতু পাখির কথা বলা হয়েছে। তাই মূল বাক্যের Subject টিও পাখি জাতীয় হবে। উত্তর (গ) তে শকুন Subject হিসেবে বিদ্যমান, তাই সঠিক উত্তর (গ)।*

**27.3 Dangling Modifier-এর যথোপযুক্ত Subject (noun/pronoun) যদি না পাওয়া যায়, তাহলে প্রয়োজনে বাক্যটিকে Passive করে কাঙ্ক্ষিত Subject টি প্রথমে আনতে হবে।**

▶ **While going to class, — .**

ⓚ the dog bit me    ⓚ dog bit me

ⓖ a dog bit me    ⓖ I was bitten by a dog √

ঢাকা বিশ্ববিদ্যালয় ডি ইউনিট ২০০৩-০৪, সি ২০১৩-১৪, ইবি-জি ২০১০-১১

**Hints :** *ক্লাসে যাওয়ার সময় 'ব্যক্তি' কুকুরের কামড়ে আক্রান্ত হয়েছে। তাই সঠিক উত্তর (ঘ)।*

**27.4 কোনো কোনো সময় বাক্যের একটি Clause তার Modifier থেকে দূরে সরে গিয়ে Misplaced modifier হয়ে যেতে পারে। যেমন—**

**Misplaced :** The man was tall <u>who stole my bag</u>.

**Correct :** The man <u>who stole my bag</u> was tall.

**Hints :** *Who stole my bag এই adjective clause-টি man-কে modify করেছে, তাই এটি man-এর পরে না বসে misplaced হয়েছিল। এখানে Who stole my bag হচ্ছে modifier আর man হচ্ছে তার কাঙ্ক্ষিত modified.*

**27.5 কখনো কখনো Adverb তার যথার্থ স্থানচ্যুত হয়ে Misplaced হয়ে যেতে পারে। যেমন—**

**Misplaced :** I <u>nearly</u> earned fifty dollars today.

**Correct :** I earned <u>nearly</u> fifty dollars today.

**Hints :** *Nearly (প্রায়) ৫০-এর পূর্বে না বসিয়ে earned-এর পূর্বে বসিয়ে misplaced হয়েছিল, দ্বিতীয় বাক্যে যা সংশোধন করা হয়েছে।*

www.boighar.com

Boighar.com


# THE REAL TEST 27

## PSC & Other Exams' Questions

01. **Find out the correct sentence.** বাংলাদেশ বাংক সহ-পরিচালক ২০০৬ উত্তর : খ
ক) Crossing the street, a car almost struck us.
খ) As we crossed the street, a car almost struck us.
গ) A car almost struck us, crossing the street.
ঘ) Having crossed the street, a car almost struck us.

02. **Similar to the floppy disk —.** বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড ২০০৪ উত্তর : খ
ক) stores data in the hard disk sectors
খ) the hard disk stores data in sectors
গ) data is stored in the hard disk in sectors
ঘ) stores data is sectors in the hard disk
**Hints :** *এখানে প্রথমাংশে floppy disk এর অনুরূপ বিষয়ের কথা বলা হয়েছে। তাই বাক্যের মূল subject অনুরূপ বস্তু হবে, আর তা হচ্ছে Hard disk।*

## University & Medical Questions

01. **Choose the sentence with the modifier in the correct place.** জাবি 'C' ইউনিট (কলা ও মানবিক; সেট : A) ২০১৯-২০ উত্তর : ক
ক) The clerk sold the scarf with the red print to the woman.
খ) The clerk sold the scarf to the woman with the red print.
গ) The clerk with the red print sold the scarf to the woman.
ঘ) None of the above
**Hints :** *সঠিকভাবে modifier ব্যবহৃত হয়েছে প্রথম বাক্যে কেননা the scarf কে বিশেষায়িত করে এমন adverbial phraseটি এর পরপরই বসবে।*

02. **Pick the appropriate location for this modifier : eating banana pancakes** জাবি ইউনিট E ২০১৭-১৮ উত্তর : ক
ক) The couple— watched the rain falling from the sky.
খ) The couple watched the rain— falling from the sky.
গ) The couple watched the rain falling from the sky —.
ঘ) None of these
**Hints :** *খাওয়া (eating) কাজটি the couple দ্বারা সম্পন্ন হয়, the rain বা the sky দ্বারা নয়। তাই couple এর পর modifier হিসেবে eating banana pancakes বসলে বাক্যের অর্থ যথাযথ হয়।*

03. **As the audience watched the <u>game the speed skill and intensity thrilled them.</u>** জাবি ইউনিট E ২০১৭-১৮ উত্তর : খ
ক) game, the speed, skill, and intensity, thrilled.
খ) game, the speed, skill, and intensity thrilled.
গ) game; the speed, skill, and intensity thrilled.
ঘ) game, the speed, skill, and intensity; thrilled.
**Hints :** *As যুক্ত দুটি clause-এর মাঝে comma বসে। As যুক্ত clause-এর শেষাংশ the game যারপর একটি comma এবং বাক্যে দুই-এর অধিক noun থাকলে প্রত্যেকটি noun -এর পর comma এবং শেষ noun-এর পূর্বে conjunction হিসেবে and বসে। সুতরাং সঠিক উত্তর (খ)।*

www.boighar.com

 বইঘর.কম

**04. After watching the movie 'Centennial', — .**

জাবি ইউনিট E ২০১৭-১৮
চবি ইউনিট C ২০১৭-১৮
উত্তর : গ

(ক) the book was read by many people
(খ) the book were read by many people
(খ) many people wanted to read the book
(ঘ) many people wants to read the book

**Hints :** *After watching the movie 'Centennial', many people wanted to read the book— 'Centennial' ছবিটি দেখার পর অনেকেই বইটি পড়তে চেয়েছিল।*

**05. After seeing the movie, —**

চবি
ইউনিট C ২০১৭-১৮
উত্তর : গ

(ক) the book was read by many people
(খ) the book made many people want to read it
(গ) many people wanted to read the book
(ঘ) the reading of the book interested many people
(ঙ) the movie interested many people in the book.

**Hints :** *After seeing the movie, many people wanted to read the book. ছবিটি দেখার পর অনেক মানুষ বইটি পড়তে চেয়েছিল। বাকি অপশনের বাক্যগুলো after seeing the movie এর পর বসালে বাক্যের অর্থ যথাযথ প্রকাশ পায় না। তাই সঠিক উত্তর (c)।*

**06. —, the passer-by took a nap.**

চবি
বি ইউনিট ২০১৪-১৫
উত্তর : খ

(ক) Be tired and exhausted (খ) Having tired and exhausted
(গ) After having tired and exhausted (ঘ) Tired and exhausted

**07. While biking home before the storm, —.**

চবি
খ ইউনিট ২০১৩-১৪
উত্তর : খ

(ক) the bicycle of Jahan broke down
(খ) Jahan had an accident
(গ) it happened that Jahan's bike broke down
(ঘ) the storm caught Jahan

**08. Choose the correct sentence.**

ঢাবি
আইবিএ, বিবিএ ২০০৮-০৯
উত্তর : গ

(ক) Running along the street, I felt as if my nose were frozen.
(খ) As I ran along the street, felt as if my nose was frozen.
(গ) Running in the street, I felt my nose frozen.
(ঘ) My nose had felt frozen when I was runing in the street.
(ঙ) Running along the street, I felt as if my nose was frozen.

**09. Plunging into water —**

চবি ২০০৮-০৯
উত্তর : ঘ

(ক) The drowning child was rescued (খ) The drowing child will be rescued
(গ) The child had been rescued (ঘ) he rescued the drowning child
(ঙ) drowning child rescued he

**Hints :** *পানিতে ডুব দিয়ে শিশুটিকে উদ্ধার করেছিল 'সে'।*

www.boighar.com